# কমলগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০১৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি :-জনাব মোঃ রফিকুর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।

সঞ্চালক :-জনাব মোহাম্মদ মাহমুদুল হক
উপজেলা নির্বাহী অফিসার,
কমলগঞ্জ,মৌলভীবাজার।

তারিখ : ১৩ অক্টোবর ২০১৬ খ্রিঃ,বৃহস্পতিবার।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবীঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকল সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অত:পর নব যোগদানকৃত ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ, জনাব মোবারক হোসেন সরকার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ বেগম মধুছন্দা দাস পরিচয় প্রদান করেন।

০২:০০ বিগত সভার কার্যবিবরণী পাঠ শেষে নিম্নোক্ত সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

সংশোধনী : বিগত সভার বিবিধ ৩.০৬ নং অনুচ্ছেদের ৪নং লাইনের কমলগঞ্জ সংবাদ এর স্থলে সাপ্তাহিক কমলগঞ্জ সংবাদ প্রতিস্থাপিত হবে।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.০১ | কৃষি বিভাগ | ক) সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বিগত ৩১-০৮-২০১৬খ্রি: তারিখের সভায় সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা প্রকৌশলী কর্তৃক বিএডিসি পরিত্যক্ত ভবন ভাঙ্গাঁর প্রাক্কলন এখনও দাখিল করা হয়নি। তিনি অত্র প্রাক্কলন দাখিলের জন্য পূনঃ অনুরোধ করেন। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তার দু-পার্শ্বে ফুল বাগান করার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত স্থানে ফুল বাগান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) সভায় পতনউষার ইউপি, জানান যে, কেওলা হাওড় পতনউষার ও মুন্সিবাজার ইউনিয়নের অর্ন্তগত। এ হাওড়ের কয়েক হাজার হেক্টর জমি পানির অভাবে বোরো চাষ করা যায়নি। চাষাবাদের সুবির্ধার্থে কেওলা হাওড় সংলগ্ন লাগাটা নদীতে ক্রসবাঁধ দেয়ার জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে বিএডিসি পরিত্যক্ত ভবন ভাঙ্গাঁর প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করার জন্য পূনঃ অনুরোধ করা হয়।<br>উপজেলা কৃষি কর্মকর্তাকে, উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তার দু-পার্শ্বে ফুল বাগান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ।<br>ও<br>উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ২.০২ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, হাসপাতাল বহিঃবিভাগ, আন্তঃবিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেপ্টেম্বর/১৬খ্রি: মাসে ৫৭টি নিরাপদ ডেলিভারী সম্পন্ন হয়েছে। তিনি জানান (ক) আন্তঃ বিভাগে মোট ভর্তি রোগীর সংখ্যা ৭১৫জন, (খ) বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৪২১৫জন, (গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১২৬৫জন, (ঘ) ই,পি,আই কভারেজ আগস্ট /২০১৬ খ্রি: মাসে ৮%।<br>আগামী ২২-২৭ অক্টোবর ২০১৬ইং তারিখ হইতে ০৬-১২বছর বয়সী স্কুলগামী ও স্কুল বহির্ভূত শিশুদের নিয়মিত কর্মসূচীর অধীনে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো (কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ) কর্মসূচী পালিত হবে। তিনি উক্ত কৃমি নিয়ন্ত্রন সপ্তাহের কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে যথাযথভাবে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>২। সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে কৃমি নিয়ন্ত্রন সপ্তাহের কর্মকান্ড বাস্তবায়নে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলগঞ্জ ও ইউপি চেয়ারম্যান বৃন্দ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | খ) সভায় মেয়র, কমলগঞ্জ পৌরসভা জানান যে, কমলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগীর বিছানার (বেড) অবস্থা খুবই অপরিচ্ছন্ন এবং অস্বাস্থ্যকর। তিনি হাসপাতালের রোগীর বিছানা (বেড) পরিবর্তন করে নতুন বিছানা (বেড) ও কভার সংযোজনের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জনান হাসপাতালে পর্যাপ্ত পরিমান রোগীর বেড ও পিলোকভার রয়েছে। বর্তমানে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ চলছে। ব্যবস্থাপনার উন্নতি হচ্ছে। বর্তমানে রোগীর বেড ও পিলোকভার ভাল আছে।<br>গ) সভায় চেয়ারম্যান, আদমপুর ইউপি, জানান যে, আদকানী কমিউনিটি ক্লিনিক দীর্ঘদিন হতে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। তিনি উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে বর্ণিত কমিউনিটি ক্লিনিটির অবকাঠামো উন্নয়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>ঘ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে প্রাইভেট হাসপাতালের মত পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে অনুরোধ করেন। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে নিয়মিতভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হয়। এবং আধকানী কমিউনিটি ক্লিনিক সরজমিনে পরিদর্শন করে ঝুঁকিপূর্ণ অবকাঠামো এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ২.০৩ | উপজেলা প্রকৌশলী | ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ জনান যে, এডিপির বিভাজন অনুযায়ী স্থায়ী কমিটিতে প্রকল্প গ্রহণ করতে হবে। গৃহীত প্রকল্প উপজেলা পরিষদ সভায় অনুমোদন প্রদানের ব্যবস্থা নেয়া হবে। তিনি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে অনুরোধ করেন।<br>খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদের বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ খাতে নিম্নবর্ণিত স্কীম অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করা হয়ঃ<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ এর বাসভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ। প্রক্কলিত মূল্যঃ ৭,৬১,৫৯২.০০ টাকা।<br>২। গেজেটেড কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ।<br>প্রক্কলিত মূল্যঃ ১৩,৩৯,৭২৮.০০ টাকা।<br>৩। ইউটিটিডিসি ভবন ০১ এর ২য় তলা মেরামত ও রক্ষণাবেক্ষণ।<br>প্রক্কলিত মূল্যঃ ৯,০৬,৬৩৮.০০ টাকা।<br>বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প ও প্রাক্কলনসমূহ অনুমোদন করা হয়। এবং অনুমোদিত প্রকল্প প্রস্তাবনা ও প্রাক্কলনসমূহ সচিব, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বিশ্বব্যাংকের সহায়তায় রাস্তার কাজ চলছে। ০৫ কিলোমিটার রাস্তার মধ্যে ০১ কিলোমিটার মেকাডম এর কাজ সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় ৯টি রাস্তা মেরামতের জন্য অনুমোদন হয়েছে। শীঘ্রই টেন্ডার হবে। তিনি ২০১৬-১৭ অর্থবছরের নতুন ঠিকাদার নিয়োগ ও লাইসেন্স নবায়নের সময়সীমা বৃদ্ধির জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নতুন লাইসেন্স নবায়ন ফি জরিমানাসহ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং নতুন তালিকাভুক্তির ফি জরিমানাসহ ৬০০০/- (ছয় হাজার) টাকা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সভায় মেয়র, কমলগঞ্জ পৌরসভা জানান যে, কমলগঞ্জ-আদমপুর রাস্তাটির কার্জ দীর্ঘদিন হতে অসম্পন্ন থাকায় যানবাহন ও জনসাধারণের চলাচলে দুর্ভোগ সৃষ্টি হচ্ছে । তিনি এ রাস্তাটির কাজ দ্রুত সম্পন্নের জন্য অনুরোধ করেন।<br>ঘ) সভায়, চেয়ারম্যান, আদমপুর ইউপি, জানান যে, আদমপুর বাজারের দক্ষিন পার্শ্বে রাস্তাটি ভেঙ্গে জনসাধারণ চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। তিনি আরও জানান তার ইউনিয়নাধীন এলাকায় টমেটো ও লেবু চাষ বেশী হয়। কিন্তু রাস্তাঘাট ভাল না থাকায় পরিবহনে সমস্যা হয় এবং কৃষক ন্যায্যমূল্য প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। তিনি উক্ত রাস্তা মেরামতের জন্য অনুরোধ জানান। | ১। উপজেলা প্রকৌশলী স্থায়ী কমিটি হতে প্রাপ্ত প্রকল্প সমূহ প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। উপজেলা প্রকৌশলী চলমান প্রকল্প এবং অসম্পন্ন প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করে নির্বিঘ্নে যান ও জনসাধারণের চলাচল নিশ্চিত করবেন।<br>৩ উপজেলা প্রকৌশলী অনুমোদিত প্রকল্প প্রস্তাবনা ও প্রাক্কলনসমূহ সচিব, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ।<br>উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ।<br>উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.০৪ | প্রাথমিক শিক্ষা | ক) সভায় চেয়ারম্যান, রহিমপুর ইউপি জানান যে, বড়চেগ স:প্রা:বি ও মহেন্দ্র কুমার স:প্রা: বিদ্যালয়ে কোন মুসলিম শিক্ষক না থাকায় ইসলাম ধর্ম শিক্ষা পাঠদানে সমস্যা দেখা দেয়। তিনি বর্ণিত স্কুলে একজন করে মুসলিম শিক্ষক পদায়নের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, তপন দেবনাথ, দেওড়াছড়া স:প্রা: বিদ্যালয়ে ডেপুটেশনে থাকাবস্থায় পুনরায় অন্য স্কুলে ডেপুটেশনে দেয়া হয়েছে। একটি স্কুলে ডেপুটেশনে থাকাবস্থায় অন্য স্কুলে পুন:ডেপুটেশন দেওয়ার কারন উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট জানতে চান।<br>খ) সভায় চেয়ারম্যান, পতনউষার ইউপি জানান যে, ভুরভুরি বাজার বালিকা প্রাথমিক বিদ্যালয়ে ৯.৩০মিনিটে ক্লাস শুরু হওয়ার কথা কিন্তু শিক্ষকরা বিলম্বে স্কুলে উপস্থিত হওয়ায় যথাসময়ে পাঠদান শুরু হয়না। বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। এছাড়া উক্ত বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর তুলনায় শিক্ষকের পদ শূন্য রয়েছে। শূন্য পদে শিক্ষক পদায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>গ) সভায় চেয়ারম্যান, ইসলামপুর ইউপি জানান যে, ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক ৫ কি.মি হেঁটে বিদ্যালয়ে যান। দূর হতে যাওয়ায় বিদ্যালয়ে পৌছাতে দেরী হয়। যার ফলে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হয়। তিনি উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে নিকটবর্তী কোন স্কুলে বদলির ব্যবস্থা গ্রহণ করে শিক্ষার্থীদের নিয়মিত পাঠদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আর জানান যে, ভান্ডারি গাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কাটালকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্য পদটি পূরনের জন্য প্রস্তাব করেন ।<br>ঘ) সভায় চেয়ারম্যান, কমলগঞ্জ ইউপি জানান যে, পূর্ব ভানুবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়, প্রধান শিক্ষক (ভা:প্রা), আব্দুস সবুর প্রতিনিয়ত সহকারী শিক্ষা কর্মকর্তা জনাব নাফিয়ুন নুরকে নিয়ে চলাফেরা করেন। এতে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হয়। তিনি বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান না করে চলাফেরা করার কারণ শিক্ষা কর্মকর্তার নিকট জানতে চান।<br>ঙ) সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, মৌখিক আদেশে মুন্সীবাজার স:প্রা:বি: এর সহকারী শিক্ষক জনাব তপন দেবনাথ কে দেওরাছড়া প্রাথমিক বিদ্যালয়ে দায়িত্ব পালনের জন্য বলা হয়েছিল । পরবর্তীতে মন্ত্রনালয়ের নির্দেশে সারা দেশে সকল মৌখিক আদেশ বাতিল হয়ে যায় । জনাব তপন দেবনাথ কে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান মহোদয়ের মৌখিক সুপারিশের ভিত্তিতে জনাব তপন দেবনাথ কে মিরতিংগা চা বাগান সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সংযুক্তির জন্য লিখিতভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাবের প্রেক্ষিতে সংযুক্তি প্রদান করা হয়। ইসলামপুর সপ্রাবি এর সহকারী শিক্ষককে তার আবেদনের ভিত্তিতে সুবিধাজনক স্থানে বদলির ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও জানান যে, ডেপুটেশনে পদায়কৃত শিক্ষকের বিষয়ে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। বড়চেগ স:প্রা:বি ইতোমধ্যে একজন মুসলিম শিক্ষক দেয়া হয়েছে এবং মহেন্দ্র কুমার স:প্রা: বিদ্যালয়ে মুসলিম শিক্ষক পদায়নের ব্যবস্থা নেয়া হচ্ছে। কোন শিক্ষক বদলীর জন্য আবেদন না করলে তাকে বদলী করার যাবে না এই মর্মে নির্দেশনা রয়েছে। তথাপি সংযুক্তির মাধ্যমে একজন মুসলিম শিক্ষক পদায়নের ব্যবস্থা নেয়া হবে। অত্র উপজেলায় ৩৪টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে । তন্মধ্যে ১৮টি সদ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। প্রধান শিক্ষকের পদ ২য় শ্রেণীতে উন্নীত হয়েছে। প্রধান শিক্ষক এর পদ পিএসসির মাধ্যমে নিয়োগ/পদায়ন করা হয়। প্রধান শিক্ষকের শূন্য পদের তালিকা উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট শিক্ষক এবং সহকারী শিক্ষা কর্মকর্তাকে বিদ্যালয় চলাকালীন সময়ে বাহিরে চলাফেরা না করার জন্য সতর্ক করে দেয়া হবে। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে দুরবর্তী শিক্ষককে নিকটবর্তী সুবিধাজনক স্কুলে উপজেলা শিক্ষা কমিটির মাধ্যমে পদায়নের জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে মহেন্দ্র কুমার সরকারি প্রাথমিক বিদ্যালয় ইসলাম ধর্ম শিক্ষা পাঠদানের জন্য মুসলিম শিক্ষক পদায়ন করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তাকে সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের যথাসময়ে উপস্থিত নিশ্চিত করবেন এবং শূণ্যপদ পুরনের জন্য উর্ধতন কর্তৃপক্ষের নিকট (উপজেলা শিক্ষা কমিটির মাধ্যমে) প্রস্তাব প্রেরণ নিশ্চিত করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.০৫ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জ জানান যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় সমিতির সংখ্যা-৬০টি, সদস্য সংখ্যা- ৩৪৫০জন, আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পে সর্বমোট=৯,০০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। <br><br> সভায় চেয়ারম্যান, রহিমপুর ইউপি সমবায় সমিতিসমূহের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা সমবায় কর্মকর্তা লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋন বিতরন ও আদায় নিশ্চিত করতঃ নিয়মিত প্রতিবেদন দাখিল করবেন এবং সমবায় সমিতিসমূহের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ২.০৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভা:), জানান সেপ্টেম্বর/২০১৬খ্রি: মাসের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি পুরুষ=০৬ জন, মহিলা=১৬ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডি =৩৯ জন, ইমপ্লান্ট=৪২ জন, অস্থায়ী পদ্ধতি খাবার বড়ি=৩৪২জন, ইনজেকটেবলস=২৪ জন, কনডম=১২৪ জন, অন্যান্য গর্ভবতী পরিচর্যা = ২৯০জন, গর্ভোত্তর পরিচর্যা = ১৩৩ জন, শিশু পরিচর্যা (০-৫)=৭১০ জন, সাধারণ রোগী পুরুষ = ২৫৬ জন, মহিলা = ১১৭২ জন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভিন্ন পদ্ধতি গ্রহণের অগ্রগতি অক্ষুন্ন রাখবেন। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ২.০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন শাখা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, অদ্য আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস-২০১৬ উদযাপন হচ্ছে। দিবসের এবারের প্রতিপ্রাদ্য "দূর্যোগ ঝুঁকি কমাতে হলে কৌশলসমূহ বলতে হবে"। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দূর্যোগ প্রশমন দিবসের প্রতিপ্রাদ্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ২.০৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ক) সভায় চেয়ারম্যান, ইসলামপুর ইউপি জানান যে, ইসলামপুর বাজারে ফেয়ার প্রাইসের ডিলার আব্দুল্লাহ কর্তৃক মেশিনে পরিমাপ না করে পাথরের বাটখারা দিয়ে ওজন পরিমাপ করে ফেয়ার প্রাইসের চাল বিতরণ করেন। এতে উপকারভোগীরা ওজনে কম পাচ্ছে। <br> খ) সভায় চেয়ারম্যান, শমশেরনগর ইউপি জানান যে, তার ইউনিয়নে ডিলার কর্তৃক ফেয়ার প্রাইসের চাল বিতরণ করা হয়েছে। <br> গ) সভায় চেয়ারম্যান, রহিমপুর ইউপি জানান যে, ফেয়ার প্রাইসের চাল বিতরনের কমিটিতে উপজেলা কর্মকর্তাকে সভাপতি ও ইউপি সচিবকে সদস্য সচিব এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে সদস্য করা হয়েছে। তিনি এই ফরম্যাটের গঠিত কমিটি পূর্নগঠনের প্রস্তাব করেন। <br> ঘ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, ফেয়ার প্রাইসের ডিলার কর্তৃক কোন অনিয়ম যাতে না হয় সেজন্য সংশ্লিষ্ট ট্যাগ অফিসারদেরকে মনিটরিং কার্যক্রম জোরদারসহ নিয়মিত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ট্যাগ অফিসার ডিলার কর্তৃক ফেয়ারপ্রাইসের চাল যথাযথ ব্যক্তিকে এবং সঠিক পরিমাপে বিতরণ হচ্ছে কিনা তা তদারকি করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট নিয়মিত প্রতিবেদন দাখিল করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ট্যাগ অফিসারগণ, কমলগঞ্জ |
| ২.০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, দলিত ও হরিজন সম্প্রদায়ের ২৫ জনের মধ্যে ২জনের তালিকা পাওয়া গেছে। তিনি দলিত, হরিজন এবং চা শ্রমিকদের তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এ বিষয়ে চেয়ারম্যান, রহিমপুর ইউপি জানান দলিত ও হরিজন সম্প্রদায়ের তালিকা শীঘ্রই দাখিল করবেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ হরিজন, দলিত ও চা শ্রমিকদের তালিকা দ্রুত উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট দাখিল করবেন | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১০ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ক) সভায় চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি জানান যে, বিদ্যুৎ লাইন টানার জন্য পল্লী বিদ্যুতের খুটি লাগানো হয়েছে। তিনি রাস্তার পার্শ্বে গাছ কাটার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন।<br>খ) সভায় মেয়র, কমলগঞ্জ পৌরসভা, জানান যে, প্রায় ৯মাস আগে নতুন বিদ্যুত লাইন সংযোজনের জন্য খুটি দাঁড় করিয়ে রাখা হয় কিন্তু এখনো বিদ্যুতের তার লাগানো হয়নি। তিনি নতুন বিদ্যুত লাইন দ্রুত স্থাপনের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ জানান।<br>গ) সভায় ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ জানান যে, নতুন বিদ্যুত লাইন সংযোজনের জন্য লাইন টানার কাজ চলছে। কমলগঞ্জ উপজেলায় ২০১৭ সালের মধ্যে লাইন নির্মানের জন্য প্রকল্প হাতে নেয়া হয়েছে। লাইনের কাজ সম্পন্ন হলে কোন লোডসেডিং থাকবে না। তিনি আরও জানান মুন্সিবাজার এলাকায় রাস্তার পার্শ্বে ব্যক্তিমালিকানাধীন গাছ কাটার জন্য একটি আবেদন করলে লাইনের উপরের গাছ কাটার ব্যবস্থা করা হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ নতুন বিদ্যুৎ সংযোগের লাইন টানার কাজ দ্রুত সম্পন্ন করবেন এবং লাইনের উপর রাস্তার পার্শ্বের গাছ কাটার বিধিমোতবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ। |
| ৩.০১ | বিবিধ | সভায় উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের কিন্টার গার্ডেন স্কুল মেরামত করার প্রস্তাব করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ১.০০ (এক লক্ষ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুতক্রমে দাখিল করেন এবং তা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিস্তারিত আলোচনান্তে প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তাবায়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করার প্রস্তাব করেন।<br>১। জনাব মোঃ শাহাদত হোসেন — প্রকল্প চেয়ারম্যান<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।<br>২। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান — সদস্য সচিব<br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ।<br>৩। জনাব মোঃ জাহাঙ্গির আলম — সদস্য<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।<br>৪। জনাব পনিরুজ্জামান — সদস্য<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কমলগঞ্জ।<br>৫। জনাব মোঃ মামুন ভূঁইয়া — সদস্য<br>এসএই, এলজিইডি, কমলগঞ্জ। | ১। প্রকল্প কমিটির চেয়ারম্যান দ্রুত প্রকল্প বাস্তবায়ন করবেন।<br>২। প্রকল্প কাজের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। | ১। উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০২ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের কাজে ব্যবহারের জন্য একটি অটোবি টেবিল ক্রয় করা হয়। টেবিল ক্রয়ে মং ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়কৃত অর্থ মং ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (আসবাবপত্র ক্রয় খাত) থেকে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৩ | বিবিধ | সভায় উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ বিগত সভায় জানান যে, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় প্রতি ইউনিয়ন পরিষদ কর্তৃক ইউনিয়ন পরিষদের আওতাধীন সড়কে ১০০০ (এক হাজার) গাছ লাগানোর এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপিত গাছ সংরক্ষণের জন্য ০১/১০/২০১৬ খ্রিঃ তারিখে জেলা প্রশাসক মৌলভীবাজার এর নিকট হতে ৪৭৫ (৯) স্মারকে পত্র পাওয়া যায় মর্মে অবহিত করেন । তিনি বর্ণিত পত্রের মর্মমতে সকল ইউনিয়ন পরিষদ কর্তৃক উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগৃতি প্রতিবেদন বিগত ১৫/০৯/১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্যও অনুরোধ করেন। উক্ত সিদ্ধান্ত পতনউষার, শমশেরনগর, মুন্সিবাজার এবং আদমপুর, ইসলামপুর ইউপি কর্তৃক বাস্তবায়ন হয়েছে মর্মে জানা যায়। অবশিষ্ট ৪টি ইউনিয়ন হতে ইউনিয়ন পরিষদের আওতাধীন সড়কে ১০০০ (এক হাজার) গাছ রোপন এবং গাছ সংরক্ষণের কোন তথ্য পাওয়া যায়নি। তিনি অবশিষ্ট ৪টি ইউনিয়ন যথাক্রমে- রহিমপুর, কমলগঞ্জ, আলীনগর, মাধবপুর ইউপির সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে গাছ রোপন এবং গাছ সংরক্ষণের প্রতিবেদন আগামী ২০-১০-২০১৬খ্রি: তারিখের মধ্যে দাখিলের জন্য পূন: অনুরোধ করেন । | রহিমপুর, কমলগঞ্জ, আলীনগর ও মাধবপুর ইউপি চেয়ারম্যানবৃন্দ ইউনিয়ন পরিষদের আওতাধীন সড়কে ১০০০ (এক হাজার) গাছ লাগানোর ব্যবস্থা গ্রহণ করত: আগামী ২০-১০-২০১৬খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) । |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০৪ | বিবিধ | ক) সভায় চেয়ারম্যান, রহিমপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ২০১৫-১৬ অর্থবছরে সরকার হতে সাইল জমিতে বাড়ি করা যাবে না, বাড়ি করতে হলে ইউনিয়ন পরিষদের অনুমতি গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। কিন্তু ইউনিয়নের অর্ন্তগত সাইল জমিতে বাড়িঘর স্থাপন করা হচ্ছে কিন্তু কোন অনুমতি গ্রহণ করা হচ্ছে না যার ফলে ইউনিয়ন পরিষদ রাজস্ব আদায় হতে বঞ্চিত হচ্ছে।<br><br>খ) সভায় কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান যে, পতিত জমিকে আবাদের আওতায় আনার জন্য নির্বাচিত ৩টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১টি করে উদ্বুদ্ধকরণ সভা করার জন্য অনুরোধ করেন। | ১। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ বিধমোতাবেক অনুমতি প্রদানক্রমে রাজস্ব আদায় নিশ্চিত করবেন।<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগীতায় উদ্বুদ্ধকরণ সভানুষ্ঠানের ব্যবস্থা নিবেন | ১।সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br><br>২। উপজেলা কৃষি কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ৩.০৫ | বিবিধ | গ) সভায় চেয়ারম্যান, আদমপুর ইউপি, জানান যে, তার ইউনিয়নের হোল্ডিং ট্যাক্স আদায়ের এসেসম্যান্ট করার কাজ প্রক্রিয়াধীন আছে। হোল্ডিং ট্যাক্স আদায়ে তৎপরতা চালানো হচ্ছে। তিনি ইউপি ট্যাক্স আদায়ে ০৩ মাসের অধিক সময়ের ইউনিয়ন সনদ দ্বারা কাজ না করার জন্য বিভাগীয় কর্মকর্তাদের সহাযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, সাধারণ মানুষ ব্যক্তিমালিকানাধীন জমিতে বাঁশঝাড় রোপন করে। বাঁশ বড় হওয়ার পর পড়ালেখাসহ অন্যান্য ব্যয় নির্বাহের জন্য বাঁশ বিক্রি করে থাকেন। কিন্তু বাঁশ বিক্রি করার পর বন বিভাগের লোকজন তা আটক করে। এতে সাধারণ মানুষের ভোগান্তি হয় এবং পড়ালেখাসহ অন্যান্য ব্যয় নির্বাহে অসুবিধা হয়। তিনি বন বিভাগের এরূপ কর্মকান্ড হতে উত্তোরণের জন্য অনুরোধ করেন।<br><br>ঘ) সভায় চেয়ারম্যান, কমলগঞ্জ ইউপি জানান যে, হীড বাংলাদেশ হতে ইউপি ট্যাক্স দেয়া হয় না। যার ফলে কমলগঞ্জ ইউনিয়ন রাজস্ব আদায় হতে বঞ্চিত হচ্ছে এবং উন্নয়ন কার্যক্রম গ্রহণে ব্যাহত হচ্ছে। তিনি হীড বাংলাদেশ নামক সংস্থা হতে ইউপি ট্যাক্স আদায়ের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান বিধিমতে সংস্থা কর্তৃক ইউপি ট্যাক্স আদায়ের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, কমলগঞ্জ ইউপির দৃষ্টি আকর্ষন করেন। | চেয়ারম্যান, আদমপুর ইউপিকে আদমপুর ইউনিয়ন পরিষদের বিধি মোতাবেক ইউপি ট্যাক্স নির্ধারণ করবেন দাবি নির্ধারণী তালিকা উপজিলা নির্বাহী অফিসার বরাবরে দাখিল করবেন।<br><br>২। চেয়ারম্যান, কমলগঞ্জ ইউপি, বিধি মোতাবেক হীড বাংলাদেশ হতে ইউপি ট্যাক্সি আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী, ও চেয়ারম্যান, পতনউষার ইউপি। |
| ৩.০৬ | বিবিধ | সভায় চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ৭০ তম জন্ম বার্ষিকীতে একজন মুক্তিযোদ্ধা হিসেবে ফেসবুকে স্বাগত জানিয়েছিলেন। তাঁর ফেসবুকে স্বাগত জানানোকে সাবেক ছাত্রশিবির কর্মী, জনৈক হাবিবুর রহমান কটাক্ষ করে খারাপ মন্তব্য করেন। তার খারাপ মন্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবমাননা করা হয়েছে। তিনি সাবেক ছাত্রশিবির কর্মী, জনৈক হাবিবুর রহমান এর বিচার দাবি করেন। এ বিষয়ে চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপিকে তথ্য ও প্রযুক্তি আইনে মামলা দায়ের করার জন্য অনুরোধ করেন। | চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপিকে তথ্য ও প্রযুক্তি আইন মোতাবেক থানায় মামলা দায়ের করার জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা/ চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি । |
| ৩.০৭ | বিবিধ | সভায় মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহের জন্য মং ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ হতে প্রদানের আবেদন করেন। বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে মং ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে বর্ণিত ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৮ | বিবিধ | সভায় মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ তার দপ্তরের একটি কক্ষে সিলিং ফ্যান সংযোজনের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে একটি সিলিং ফ্যান সংযোজন করিয়ে মং ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা ব্যয় হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে মং ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০৯ | বিবিধ | সভায় জানানো হয় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বৈদুতিক বাল্ব, চেক বাল্ব, আইপিএস মেরামত বাবত ২৫০০/- টাকা এবং গ্যাসের চুলা সংযোজন বাবত ২৫০০/- টাকা, বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে মং ৫০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রফিকুর রহমান)
চেয়ারম্যান
কমলগঞ্জ উপজেলা পরিষদ

স্মারক নংঃ-০৫.৪৬.৫৮৫৬.০০২.০১.০০১.১০/২৭ (৫০)

তারিখঃ-১৩/১০/২০১৬ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১) জনাব উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ, জাতীয় সংসদ সদস্য,মৌলভীবাজার-৪ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।
০২) জনাব মোঃ আব্দুল মতিন,জাতীয় সংসদ সদস্য,মৌলভীবাজার-২ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।
০৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) প্রধান প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৬) পরিচালক,স্থানীয় সরকার, সিলেট বিভাগ,সিলেট।
০৭) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

০৮) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।
০৯) উপজেলা.......................................কর্মকর্তা,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
১০) মেয়র,কমলগঞ্জ পৌরসভা,কমলগঞ্জ।
১১) চেয়ারম্যান,--------------------------------------ইউ. পি. (সকল) কমলগঞ্জ,মৌলভীবাজার ।
১২) জনাব/বেগম-----------------------------------------
-----------------------------------------------
-------------------------------------- কমলগঞ্জ।

(মোহাম্মদ মাহমুদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ,মৌলভীবাজার।